## daily sun

Date: 12-05-2022 (Page: 13)

# 'IRRI to provide help for inventing stress-tolerant rice'

### **Business Correspondent**

Agriculture Minister Dr Abdur Razzaque said International Rice Research Institute (IRRI) will give assistance to Bangladesh for inventing stress tolerant rice varieties and conducting proper research on such verities.

"We are giving importance in inventing stresstolerant rice varieties to make food security sustainable in the country. IRRI will help us in this regard," he said.

He was talking to journalist after attending a meeting with Asia Representative of IRRI Nafees Meah at his office at Dhaka Secretariat on Tuesday, said a press release.

At this time the Asia Representative of IRRI Nafees Meah said IRRI will



Agriculture Minister Dr Abdur Razzaque (2nd from left) meets International Rice Research Institute Representative Nafees Meah at the former's office at the Dhaka Secretariat on Tuesday.

further provide assistance to Bangladesh in developing and researching different varieties of stress-tolerant rice varieties.

Besides, Bangladeshi scientists will be able training in various subjects including inventing rapid rice varieties at the worldclass laboratory at IRRI's South Asia Regional Office in Varanasi, India, he added.

Agriculture Secretary Md Sayedul Islam, additional secretary to the Ministry of Agriculture Kamala Ranjan Das, Bangladesh Rice Research Institute (BRRI) Director General Dr Md Shahjahan Kabir and IRRI Representative in Bangladesh Dr Humnath Bhandari were also present, among others, on the occasion.



তারিখ ঃ ১২-০৫-২০২২ (পুঃ ২০,১৯)

# কৃষি খাতের উন্নয়নে বাংলাদেশ– কানাডা যৌথ উদ্যোগ

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশের কষি খাতের উন্নয়নে কানাডার সাস্কাচুয়ান বিশ্ববিদ্যালয় এবং কৃষি মন্ত্ৰণালয় যৌথভাবে কাজ কৃষি করছে। ইতোমধ্যে মন্ত্রণালয়ের উদ্যোগে কানাডার বিশ্ববিদ্যালয়ের সাস্কাচ্য়ান গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটিতে (জিআইএফএস) বঙ্গবন্ধু চেয়ার স্থাপন করা হয়েছে। কানাডা ও বাংলাদেশের গবেষকদের সহযোগিতা বৃদ্ধির জন্য ঢাকায় ক্ষি গবেষণা বাংলাদেশ কাউন্সিল (বিএআরসি) চতুরে জিআইএফএস এর আঞ্চলিক অফিস চালু হয়েছে। এছাড়া গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট চতুরে বঙ্গবন্ধু-পিয়ারে ট্রডো কৃষিপ্রযুক্তি কেন্দ্র স্থাপনের কাজ চলছে। এসব কাজের অগ্রগতি দেখতে সম্পতি সাস্কাচুয়ান বিশ্ববিদ্যালয়ের চার সদস্যের

প্রতিনিধি দল ঢাকা সফর করেন। প্রতিনিধি দলের সদস্য সাস্কাচুয়ান বিশ্ববিদ্যালয়ের প্রোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটির (জিআইএফএস) পরিচালক স্টিফেন ভিশার, সাস্কাচুয়ান বিশ্ববিদ্যালয়ের ভাইস-প্রেসিডেন্ট (গবেষণা) ড. বালজিৎ সিং, বঙ্গবন্ধু রিসার্চ

## কাজ করছে সাক্ষাচুয়ান বিশ্ববিদ্যালয় ও কৃষি মন্ত্রণালয়

চেয়ার ড. এন্ডু শার্প এবং ঢাকায়
নিযুক্ত কানাডার হাই কমিশনার
লিলি নিকোলস প্রধানমন্ত্রী শেখ
হাসিনার সঙ্গে গত ৮ মে
প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন
গণভবনে সাক্ষাত করেন।
এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
(১৯ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

#### কৃষি খাতের

(২০-এর পৃষ্ঠার পর)
সাস্কাচুয়ান বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু
চেয়ার স্থাপন করায় কানাডা
সরকারকে ধন্যবাদ জানান ও
বঙ্গবন্ধু রিসার্চ চেয়ার হিসেবে
নিয়োগ পাওয়ায় ড. এভ শার্পকে
অভিনন্দন জানান। তিনি বলেন,
বঙ্গবন্ধু-পিয়ারে টুডো কৃষিপ্রযুক্তি
কেন্দ্রকে আন্তর্জাতিক মানের
সেন্টারে উন্নীত করা হবে, যেখানে
বিশ্বের অন্য দেশের বিজ্ঞানীরাও
গবেষপা করতে পারবে।
প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন,
১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীন

হিসেবে বাংলাদেশের অভ্যদয়ের আগে থেকেই বাংলাদেশ ও কানাডার মধ্যে সম্পর্কের সূচনা হয়। এ সময় তিনি ১৯৭০ সালের ৭ ডিসেম্বর, সাধারণ নির্বাচনে বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ নিরঙ্কুশভাবে বিজয়ী হলে- কানাডার তৎকালীন ট্রডো সরকার কর্তৃক পাকিস্তানের ক্ষমতাসীন সরকারকে নির্বাচিত প্রতিনিধিদের হাতে শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের যে অনুরোধ জানানো হয়েছিল, সেকথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। তিনি বলৈন, 'কানাডা সরকার আমাদের মুক্তিযুদ্ধের সময় আমাদের প্রতি তাদের সমর্থন অব্যাহত রাখে। স্বাধীনতার পর যে কয়েকটি দেশ বাংলাদেশকে তাৎক্ষণিকভাবে স্বীকৃতি দেয়, কানাডা (১৯৭২ সালের ১৪ ফেব্রুয়ারি) তাদের অন্যতম।' বৈঠককালে স্টিফেন ভিশার বলেন. তারা জিআইএফএস এর ঢাকার আঞ্চলিক অফিসকে সব ধরনের কারিগরি সহায়তা দেবেন। ড. বালজিৎ সিং বলেন, পাশাপাশি উচ্চ শিক্ষার জন্য কেউ সাস্কাচুয়ান বিশ্ববিদ্যালয়ে গেলে, তারা তাকে সর্বাত্মক সহায়তা প্রদান করবেন। প্রতিনিধি দলটি বাংলাদেশের কাঁঠালের বছরব্যাপী উৎপাদন ও বহুমুখী ব্যবহার নিয়েও কাজ করতে আগ্রহ প্রকাশ করে।

বঙ্গবন্ধু চেয়ার স্থাপন ॥ কৃষি
মন্ত্রণালয়ের উদ্যোগে কানাডার
সাস্কাচুয়ান বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল
ইনস্টিটিউট ফর ফুড
সিকিউরিটিতে (জিআইএফএস)
গত ডিসেম্বরে বঙ্গবন্ধু চেয়ার স্থাপন
করা হয়েছে। ইতোমধ্যে বঙ্গবন্ধু
রিসার্চ চেয়ার নিয়োগসহ সকল
বিষয় সম্পন্ন হয়েছে।

ঢাকায় জিআইএফএসের আঞ্চলিক অফিস চালু ॥ কানাডা ও বাংলাদেশের কৃষি গবেষকদের মধ্যে সহযোগিত বৃদ্ধির জন্য ঢাকায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) চতুরে জিআইএফএসের আঞ্চলিক অফিস চালু হয়েছে।

বঙ্গবন্ধু- পিয়ারে টুডো কৃষিপ্রযুক্তি
কেন্দ্র স্থাপন ॥ বাংলাদেশে বঙ্গবন্ধুপিয়ারে টুডো কৃষিপ্রযুক্তি কেন্দ্র
স্থাপনের কাজ চলছে। গাজীপুরে
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
চতুরে এ সেন্টার স্থাপিত হচ্ছে।
এটি বাস্তবায়নে জিআইএফএসকানাডা বাংলাদেশকে কারিগরি
সহায়তা প্রদান করবে।